

আমাদেশময়

নতুন অধ্যক্ষ নাজমা খাতুন

নিজস্ব প্রতিবেদক ময়মনসিংহ

৩ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২ ফেব্রুয়ারি ২০২১ ২২:৫৪



ময়মনসিংহ নার্সিং কলেজের অধ্যক্ষ হিসেবে নাজমা খাতুনকে নিয়োগ দেওয়া হয়েছে। এর আগে তিনি কলেজ অব নার্সিং মহাখালী ঢাকার প্রভাষক পদে কর্মরত ছিলেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নার্সিং শিক্ষা শাখার উপসচিব ইশরাত জামান গত ৩১ জানুয়ারি স্বাক্ষরিত এক অফিস আদেশে এ নিয়োগ দেওয়া হয়।

নাজমা খাতুন ১৯৮১ এসএসসি পাস করার পর ১৯৮৪ সালে ময়মনসিংহ নার্সিং ইনসিটিউট থেকে নার্সিং-এ ডিপ্লোমা পাস করেন এবং ১৯৮৬ ডিপ্লোমা ইন মিডিওয়াইফারি পাস করে ১৯৮৬ সালে ফুলবাড়ীয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথম চাকরিতে যোগদান করেন। এর পর ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ছিলেন দীর্ঘদিন। ২০২০ সালে কলেজ অব নার্সিং মহাখালী ঢাকার প্রভাষক পদে যোগদান করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খাতুন দেশীক
আমাদেশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)